

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৭৫) অজ্ঞতাবশতঃ মাথা থেকে সামান্য চুল কেটে হালাল হয়ে গেলে তার ওপর আবশ্যক কী?

উত্তর: অজ্ঞতাবশতঃ যে হাজী সাহেব মাথা থেকে সামান্য চুল কেটে হালাল হয়ে গেছে, তার উপর কোনো কিছু আবশ্যক নয়। কেননা সে অজ্ঞ। তবে জানার পর তাকে পূর্ণ মাথা থেকে চুল কাটতে হবে।

এ উপলক্ষে আমি মুসলিম ভাইদেরকে নসীহত করতে চাই, কোনো ইবাদত করতে চাইলে, তার সীমারেখা ও নিয়ম-নীতি না জেনে তাতে লিপ্ত হওয়া উচিৎ নয়। যাতে করে অজ্ঞতাবশতঃ এমন কিছু না করে ফেলে যাতে ইবাদতটিই নষ্ট হয়ে যায়। কেননা আল্লাহ তা'আলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে লক্ষ্য করে বলেন,

﴿قُل ۚ هَٰذِهِ ۚ سَبِيلِيٓ أَد ۚ عُوٓ ا إِلَى ٱللَّهِ ۚ عَلَىٰ بَصِيرَةٍ أَنَا ۚ وَمَنِ ٱتَّبَعَنِي ۚ وَسُباكَحَٰنَ ٱللَّهِ وَمَآ أَنَا ۚ مِنَ اللَّهِ وَمَآ أَنَا ۚ مِنَ اللَّهِ وَمَآ أَنَا ۚ مِنَ اللّهِ وَمَآ أَنَا ۚ مِنَ اللّهِ عَلَىٰ اللّهِ وَمَآ أَنَا ۚ مِنَ اللّهِ وَمَآ أَنَا اللّهِ وَمَا اللّهُ وَمَا اللّهِ وَمَا اللّهُ وَمَا اللّهُ وَمَا أَنَا اللّهُ وَمَا اللّهُ اللّهُ وَمَا اللّهُ وَمَنْ إِلَاللّهُ وَمَا اللّهُ وَمِنْ إِلّهُ وَمَا اللّهُ وَمَا اللّهُ وَمَا اللّهُ وَمِنْ إِلّهُ وَمَا اللّ

"আপনি বলে দিন, এটাই আমার পথ আল্লাহর দিকে বুঝে-শুনে দা'ওয়াত দেই- আমি এবং আমার অনুসারীগণ। আল্লাহ পবিত্র। আমি অংশীবাদীদের অন্তর্ভুক্ত নই।" [সূরা ইউসুফ, আয়াত: ১০৮] আল্লাহ আরো বলেন,

অতএব, একজন লোক বুঝে-সুঝে আল্লাহর সীমারেখা জেনে-শুনে তাঁর ইবাদত করবে এটা খুবই উত্তম। অজ্ঞতার সাথে বা মানুষের অন্ধানুসরণ করে আল্লাহর ইবাদত করা উচিৎ নয়। কেননা না জেনে ইবাদত করতে গেলে ভুল হওয়ার সম্ভাবনা যেমন বেশি তেমনি যাদের অনুসরণ করবে তাদের মধ্যে জ্ঞান থাকতেও পারে নাও থাকতে পারে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1149

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন